গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭-৬১৪ তারিখঃ ১৪-০৯-২০১৭

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুলাই/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৮-২০১৭ তা রিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুলাই/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ( সেপ্টেম্বর,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০৯-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

১৪/৯/১৭
(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com

**কার্যার্থে অনুলিপিঃ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৩। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৪। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৫। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৬। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৭। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-০৮-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( জুলাই/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ৯.৩০ ঘটিকা।
তারিখ : ২৮ আগস্ট, ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।
সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

**১। আলোচ্য বিষয়-১:** ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত জুন, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ৩১-০৭-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২:** ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ৩১-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত জুন/২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য জমি প্রাপ্তির তথ্য কতিপয় জেলা হতে পাওয়া যায়নি। যেসকল জেলাসমূহ হতে এখনও তথ্য পাওয়া যায়নি সেসকল জেলা অফিস হতে জরুরী ভিত্তিতে তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য বিভাগীয় উপ-পরিচালকগণকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় সংগৃহীত মালামালের পূর্ণাঙ্গ ইনভেন্টরী প্রস্তুত পূর্বক ইতোমধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট হস্তান্তর করা হয়েছে এবং প্রকল্পের পিসিআর ইতোমধ্যে অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্র কল্পের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় উপ-পরিচালক (পিপি) সভাকে জানান যে, সমাপ্ত প্রকল্পের আওতায় ডিপিপি অনুযায়ী সংগৃহীত মালামাল সংশ্লিষ্ট কমিটির নিকট গত ২০.০৮.২০১৭তারিখ হস্তান্তর করা হয়েছে ।

প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) সভাকে অবহিত করেন যে, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করে বুঝিয়ে দেয়ার জন্য গত ২১/০৮/২০১৭ তারিখে তত্ত্বাধায়ক প্রকৌশলী (টেকনিক্যাল সাপোর্ট), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া সিলেট জেলার অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য গণপূর্ত অধিদপ্তর, সিলেট কর্তৃক ০১/০৮/২০১৭ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পের অধীনে ডকু ড্রামা ও ভিডিও ডকুমেন্টরী তৈরী করা হয়েছে। অতিসত্বর সেগুলো প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

এনসিডিপি বাজার বিষয়ে উপ-পরিচালক, রংপুর সভাকে জানান যে, রংপুরের মাহিগঞ্জ ও ট্রাক টার্মিনাল এনসিডিপি বন্ধ মার্কেট ২টি চালুকরণের বিষয়ে একটি প্রথমিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরন করা হয়েছে। মার্কেট দুটি চালুকরণে পুরাতন এফএমজি কমিটি পুনর্গঠনের বিষয়ে জেলা বাজার কর্মকর্তার সাথে প্রয়োজনীয় আলোচনা করা হয়েছে। রংপুর বিভাগের

এনসিডিপি মার্কেটসমূহের সম্মুখভাগে নামফলক স্থাপনের কাজ চলমান আছে। এছাড়া রাজশাহী বিভাগের সিরাজগঞ্জ, নওগাঁ ও নাটোর জেলায় বিদ্যামান এনসিডিপি মার্কেটে নির্দেশনা মোতাবেক নামফলক স্থাপন করা হয়েছে। অবশিষ্ট জেলাগুলোর কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়।

"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"এর কর্মসূচী পরিচালক টেলি কনফারেন্স এর মাধ্যমে সভাকে জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরে আলুর সংরক্ষণের জন্য ১০টি মডেল ঘর নির্মাণের জন্য ১০.০৮.২০১৭ তারিখে টেন্ডার আহবান করা হয়েছে। উল্লেখিত ঘরগুলির জন্য ইতোমধ্যে জায়াগা নির্বাচনের কাজ সম্পন্ন করা হয়েছে। যেসব স্থানে মডেলঘর নির্মিত হবে সে সকল জায়গার মালিকগণের নিকট হতে ইতোমধ্যে সম্মতিপত্র সংগ্রহ করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে নির্মিত ২০টি মডেল ঘরের মধ্যে যেসকল মডেলঘরে আলু সংরক্ষণ করা হয়েছে উল্লেখিত মডেল ঘরগুলির সুবিধাভোগী কৃষকগণের নিকট হতে চলমান বন্যার কারণে আলু সংরক্ষনের লাভক্ষতির হিসাব সংগ্রহ করা সম্ভব হয়নি। সভাপতি আগামী মাসের মাসিক সমন্বয় সভায় লাভক্ষতির একটি পর্যালোচনা প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেন।

"ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী" এর কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, গত ১২/০৭/ ২০১৭ তারিখে কোর কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে, যার কার্যবিবরণী ইতোমধ্যে মহাপরিচালক বরাবর দাখিল করা হয়েছে। সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হচ্ছে।কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করার কার্যকর পদক্ষেপ গ্রহণের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের নির্দেশনাক্রমে ইতোমধ্যে অধিদপ্তরের পরিকল্পনা ও নীতি শাখা হতে বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট ও দেশের বিভিন্ন খ্যাতিমান খাদ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কর্মসূচীর আওতায় ইতোমধ্যে কুলচেম্বার সমৃদ্ধ ভ্যান ও অন্যান্য মালামাল সংগ্রহ করা হয়েছে যার ব্যবহারের নীতিমালা কোর কমিটির নির্দেশনা মোতাবেক প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি কোর কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন পূর্বক কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় গাইড লাইন প্রদানের জন্য নির্দেশনা দেন।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন এবং পূর্ববর্তী সভার যে সকল সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি সেগুলো বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ২.১ | পূর্ববর্তী সকল সভার যে সমস্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়নি তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণসহ যে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা প্রকল্প/কর্মসূচি পরিচালক |

**৩। আলোচ্য বিষয়-৩:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**৩.১:** সভাকে অবহিত করা হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৫৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। ইতোমধ্যে উক্ত বরাদ্দের বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ১৩২.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং জুলাই /২০১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি। কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ১ম কিস্তি বাবদ কোন অর্থ ছাড় না হওয়ায় জুলাই /২০১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি।

**৩.২** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পের প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তি সাপেক্ষে অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে বারবার তাগিদ প্রদান করা সত্বেও যেসকল জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারীগণ তথ্য প্রদানে ব্যর্থ হবেন তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট উপ-পরিচালকদের নির্দেশনা প্রদান করা হয়। আগামী ১৫ সেপ্টেম্বর /২০১৭ তারিখের মধ্যে অবশিষ্ট জেলা হতে তথ্য প্রদান নিশ্চিত করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন। উপ-পরিচালক, রংপুর বিভাগ সভাকে জানান যে, বারবার তাগিদ দেয়া সত্বেও জেলা বাজার কর্মকর্তা, রংপুর এর নিকট হতে কোন তথ্য পাওয়া যায়নি। জেলা বাজার কর্মকর্তা, রংপুর এর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.২.১ | অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে জমি প্রাপ্তির বিষয়ে যথাসময়ে তথ্য প্রদান না করার কারণে সংশ্লিষ্ট জেলা বাজার কর্মকর্তাগণের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী ১৫ সেপ্টেম্বর /২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা কর্তৃক তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালক (ঢাকা ও রংপুর) |
| ৩.২.২ | বারবার তাগিদ দেয়া সত্ত্বেও তথ্য প্রদান না করায় রংপুর জেলা বাজার কর্মকর্তার বিরূদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাঃ) |

৩.৩: **পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের** কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় প্রকল্পের অসমাপ্ত কাজের (যেমনঃ এসেম্বল সেন্টার নির্মাণ, সফটওয়ার ইত্যাদি) অগ্রগতি বিষয়ে আপডেটেড কোন তথ্য পাওয়া যায়নি। সভায় প্রকল্পের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ জ্ঞাপন করেন এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সহকারী পরিচালক, খুলনাকে কারন দর্শানো প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। তাছাড়া প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী জরুরী ভিত্তিতে হস্তান্তর কমিটির নিকট বুঝিয়ে দেবার বিষয়ে সাবেক প্রকল্প পরিচালককে পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৪.১ | প্রকল্পের গাড়ী অতিদ্রুত হস্তান্তর কমিটির নিকট হস্তান্তর করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |
| ৩.৪.২ | প্রকল্পের অসমাপ্ত কাজগুলোর (এসেম্বল সেন্টার নির্মাণ ও সফটওয়ার) বর্তমান অবস্থা জানতে চেয়ে সমাপ্ত পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) এর প্রকল্প পরিচালককে পত্র দিতে হবে। | উপ-পরিচালক (পিপি) |
| ৩.৪.৩ | সমাপ্ত প্রকল্পের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসাবে সহকারী পরিচালক জনাব মোঃ শহীদুল্লাহ সভায় যোগদান না করায় তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৩.৪.৪ | প্রকল্পের পিসিআর জরুরী ভিত্তিতে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |

৩.৫: **"সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি অনুযায়ী মোট বরাদ্দ ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ মোট ১৩২.৫০ লক্ষ টাকা ছাড় হয়েছে এবং জুলাই /২০১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি। মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কার্যক্রম দ্রুত শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখতে সভাপতি পুনরায় নির্দেশ দেন। সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমসহ AIS এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। এছাড়া প্রকল্পের কার্যক্রম ছোট ছোট লিফলেট ও পোষ্টার করে বিশেষ বিশেষ দিনে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৫.১ | প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও হবিগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য তাগিদ প্রদান অব্যাহত রাখাসহ অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণের বিষয়ে দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

| | | |
|---|---|---|
| ৩.৫.২ | প্রকল্পের কার্যক্রম জাতীয় পত্রিকায় ও ইলোকট্রনিক মাধ্যমেসহ AIS এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| ৩.৫.৩ | প্রকল্পের কার্যক্রম ছোট ছোট লিফলেট ও পোষ্টার করে বিশেষ বিশেষ দিনে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |

৩.৬: **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** আলোচনাকালে ইতেপূর্বে গঠিত এফএমজি গ্রুপ গুলো সচল করা অথবা নতুন গ্রুপ গঠনের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ পূর্বক জরুরী ভিত্তিতে মার্কেট গুলো চালু করার ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করা ও পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্লেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি পুনরায় নির্দেশ দেন। এতদবিষয়ে আগামী সভায় বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৬.১ | ইতেপূর্বে গঠিত এফএমজি গ্রুপ গুলো সচল করা অথবা নতুন গ্রুপ গঠনের মাধ্যমে জরুরী ভিত্তিতে মার্কেট গুলো চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক, রংপুর |
| ৩.৬.২ | এনসিডিপি মার্কেটসমূহ স্থানীয় এলাকার নাম অনুসারে নামকরণ করতে হবে এবং পরিচালনায় কৃষি বিপণন অধিদপ্তরের নাম উল্লেখ করে প্রতিটি মার্কেটের সম্মুখভাগে নামফলক স্থাপনের ব্যবস্থা করতে হবে এবং আগামী সভায় এতদবিষয়ে বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী/রংপুর। |

৩.৭: **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী"** বিষয়ে কর্মসূচী পরিচালক টেলি কনফারেন্সের মাধ্যমে সভাকে অবহিত করেন যে, ২০১৭-১৮ অর্থ বছরে মোট বরাদ্দ ২৩.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ কোন অর্থ ছাড় না হওয়ায় জুলাই /২০১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি। ২০১৭-১৮ অর্থ বছরের নিধারিত ১০ টি আলুর মডেল ঘর তৈরীর জায়গা নির্বাচন পূর্বক জমির মালিকগণের নিকট হতে সম্মতিপত্র সংগ্রহ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া আগামী সভায় আলুর মডেল ঘরে আলু রাখার ফলে কৃষকের লাভ/ক্ষতির হিসাব পর্যালোচনা করে একটি প্রতিবেদন পেশ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৭.১ | কর্মসূচির আওতায় ইতোমধ্যে নির্মিত আলু ঘরসমূহে সংরক্ষণকৃত আলুর হিসাব বিবরণী এবং আলুর মডেল ঘরে আলু রাখার ফলে কৃষকের লাভ/ক্ষতির হিসাব পর্যালোচনা করে একটি প্রতিবেদন সদর দপ্তরে দাখিল করাসহ আগামী সভায় এতদবিষয়ক তথ্য উপস্থাপন করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |

৩.৮ : **ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ** বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করেন যে, ২০১৭-১৮ অর্থ বছরে মোট বরাদ্দ ৬০.৮০ লক্ষ টাকার বিপরীতে ১ম কিস্তি বাবদ কোন অর্থ ছাড় না হওয়ায় জুলাই /২০১৭ পর্যন্ত কোন অর্থ ব্যয় করা হয়নি। কর্মসূচিকে গতিশীল করার লক্ষ্যে গঠিত কোর কমিটির নিয়মিত সভা আয়োজনের মাধ্যমে বাস্তবায়ন বিষয়ে গাইড লাইন প্রদানসহ এ বিষয়ক প্রতিবেদন প্রতি সভায় উপস্থাপনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে যে সকল প্রশিক্ষণ সামগ্রি ও মালামাল সংগ্রহ পূর্বক জেলা পর্যায়ে প্রেরণ করা হয়েছে তার তালিকা এবং গঠিত ৫০টি গ্রুপ গঠণের তালিকা সদর দপ্তরে প্রেরণ করা সহ উক্ত মালামাল ব্যবহার এবং কুল চেম্বার সমৃদ্ধ ভ্যান চালুকরনে প্রয়োজনীয় গাইড লাইন/নীতিমালা জরুরী ভিত্তিতে প্রণয়নের জন্য কোর কমিটিকে পদক্ষেপ গ্রহণে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতি জেলায় চেম্বার অফ কমার্স ও জেলা পর্যায়ে প্রতিষ্ঠিত দোকান গুলোতে ফ্রেশকাট শাকসজি ও ফলমূল ব্যবহারে উৎসাহিত করার লক্ষ্যে পত্র প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। বছরের রবি মৌসুমে নির্বাচিত প্রতিটি জেলায় একটি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণসহ ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কর্মসূচির কার্যক্রম AIS এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করতে সভাপতি মহোদয় জোর তাগিদ প্রদান করেন। এছাড়া কর্মসূচির কার্যক্রম ছোট ছোট লিফলেট ও পোষ্টার করে বিশেষ বিশেষ দিনে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | কর্মসূচিকে গতিশীল করার লক্ষ্যে গঠিত কোর কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে এবং প্রতি এডিপি সভায় কার্যক্রম বিষয়ক প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | সভাপতি<br>কোর কমিটি |
| ৩.৮.২ | কর্মসূচির আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সংগৃহীত সকল ধরনের আসবাবপত্র, প্রসেসিং যন্ত্রপাতি, প্যাকেজিং সামগ্রি এবং কুল সমৃদ্ধ ভ্যানের বিস্তারিত বিতরণ তালিকা মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে এবং এগুলোর যথাযথ ব্যবহারের বিষয়ে গাইড লাইন/নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>কর্মসূচির আওতায় গঠিত ৫০টি গ্রুপের তালিকা মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী<br>ও<br>সভাপতি<br>কোর কমিটি |
| ৩.৮.৩ | প্রতি জেলায় চেম্বার অপ কমার্স ও জেলা পর্যায়ে প্রতিষ্ঠিত দোকান গুলোকে ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল ব্যবহারে উৎসাহিত করার লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৩.৮.৪ | বছরের রবি মৌসুমে নির্বাচিত প্রতিটি জেলায় একটি প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণসহ ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা , কর্মসূচির কার্যক্রম AIS এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা এছাড়া কর্মসূচির কার্যক্রম ছোট ছোট লিফলেট ও পোষ্টার করে বিশেষ বিশেষ দিনে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

**৩.৯: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** অর্থ বছরের (২০১৭-১৮) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহে সকল দরপত্রের টেন্ডার আহবান কার্যক্রম সমাপ্ত করে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ১০ সেপ্টেম্বর, ২০১৭ দরপত্রের কার্যদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩.৮.১ | অর্থ বছরের (২০১৭-১৮) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহে সকল দরপত্রের টেন্ডার আহবান কার্যক্রম সমাপ্ত করে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ১০ সেপ্টেম্বর, ২০১৭ দরপত্রের কার্যদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৩.৮.২ | ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের টেন্ডারসমূহ ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |

**৪-বিবিধঃ** প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণের সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

সমাপ্ত প্রকল্প হতে প্রাপ্ত মেশিনারী গুলো কিভাবে চালু করা যায় তার একটি নীতিমালা তৈরী করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণকে সভাপতি নির্দেশনা প্রদান করেন এবং বিভিন্ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে নির্মিত এবং ভবিষ্যতে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করে আগামী সভায় আলোচনার মাধ্যমে তা চুড়ান্তকরণের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্পের আওতায় বেইজ লাইন সার্ভে মার্কেট ডাইরেক্টরি প্রস্তুত বিষয়ক স্টাডি কার্যক্রমের অধীন সিলেট ও চট্টগ্রাম বিভাগের ১৬টি জেলার মধ্যে ৫টি জেলা হতে তথ্য পাওয়া গেলেও অবশিষ্ট ১১টি জেলা হতে তথ্য না পাওয়া স্টাডি সম্পন্ন করা যাচ্ছে না বিধায় অবশিষ্ট ১১টি জেলার তথ্য আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করা জন্য বিভাগীয় উপ-পরিচালক, সিলেট/চট্টগ্রামকে পত্রদিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।কোন জেলা হতে তথ্য প্রদানে ব্যার্থ হলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্প ও কর্মসূচির সাফল্য ধারাবাহিক ভাবে AIS এর মাসিক প্রত্রিকায় প্রকাশের জন্য

সংশ্লিষ্ট প্রকল্প ও কর্মসূচি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রতি মাসের সুবিধাজনক সময়ে অধিদপ্তরের বিভিন্ন বিষয় নিয়ে প্রতি বিভাগের সাথে ভিডিও কনফারেন্সের আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সেমোতাবেক আগামী মাসে অর্থাৎ সেপ্টেম্বর/২০১৭ মাসে ঢাকা বিভাগের সাথে ভিডিও কনফারেন্স করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কাঁচা কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার ও রপ্তানী উৎসাহিত করার জন্য বেসরকারী খাতকে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ করতে বিভিন্ন এগ্রিকালচারাল মার্কেটিং ও ফুড প্রসেসিং এর সাথে জড়িত প্রতিষ্ঠানের সাথে মত বিনিময় সভার আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। অধিদপ্তরের বাস্তবায়িত কর্মসূচির কিস্তি ভিত্তিক মনিটরিং প্রতিবেদন নির্দিষ্ট ছক মোতাবেক ৭ (সাত) তারিখের মধ্যে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৪.১ | বিভিন্ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে নির্মিত এবং ভবিষ্যতে নির্মিতব্য এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ে প্রস্তুতকৃত খসড়া নীতিমালাটি পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করে আগামী সভায় আলোচনার মাধ্যমে তা চুড়ান্তকরণ করতে হবে। | আহবায়ক<br>এসেম্বল সেন্টার পরিচালনা বিষয়ক নীতিমালা প্রস্তুত কমিটি |
| ৪.২ | বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ব্যবহার উপযোগী না হলে সেগুলো ডিসপোজালের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) |
| ৪.৩ | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্পের আওতায় বেইজ লাইন সার্ভের জন্য অবশিষ্ট ১১টি জেলার তথ্য আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করা জন্য বিভাগীয় উপ-পরিচালক, সিলেট/চট্রগ্রাম কর্তৃক সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে।কোন জেলা হতে তথ্য প্রদানে ব্যর্থ হলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক (সিলেট)<br>ও<br>বিভাগীয় উপ-পরিচালক, সিলেট/চট্রগ্রাম |
| ৪.৪ | অধিদপ্তরের বাস্তবায়িত কর্মসূচির মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | সকল কর্মসূচি পরিচালক |
| ৪.৫ | প্রকল্প ও কর্মসূচির সাফল্য ধারাবাহিক ভাবে AIS এর মাসিক প্রত্রিকায় প্রকাশের জন্য সংশ্লিষ্ট প্রকল্প ও কর্মসূচি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক |
| ৪.৬ | প্রতি মাসের সুবিধাজনক সময়ে অধিদপ্তরের বিভিন্ন বিষয় নিয়ে প্রতি বিভাগের সাথে ভিডিও কনফারেন্স হবে। সেমোতাবেক আগামী মাসে অর্থাৎ সেপ্টেম্বর মাসে ঢাকা বিভাগের সাথে স্কাইপি'র মাধ্যমে ভিডিও কনফারেন্স করতে হবে। | আইসিটি শাখা। |
| ৪.৭ | কাঁচা কাঁঠালের বাণিজ্যিক ব্যবহার ও রপ্তানী উৎসাহিত করার জন্য বেসরকারী খাতকে অন্তর্ভূক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম ও উদ্যোগ গ্রহণ ক রতে বিভিন্ন এগ্রিকালচারাল মার্কেটিং ও ফুড প্রসেসিং এর সাথে জড়িত প্রতিষ্ঠানের সাথে মত বিনিময় সভার আয়োজন করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

৫। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ